মন্ত্রিপরিষদ বিভাগের জানুয়ারি ২০১৮ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**
প্রতিবেদনাধীন মাসের নাম: **জানুয়ারি ২০১৮**

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৮ ফেব্রুয়ারি ২০১৮**

(১) প্রশাসনিক :

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৩৩৭	২২৫	১১২
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৭৪	৯০৮	২২২
মোট	১,৬১১	১,১৩৩	৩৩৪

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	২৫	২০	২৮	৩৯	১১২
দুর্নীতি দমন কমিশন	-	-	৫০	৩২	১৩৭	৩	২২২*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	১	-	১	-	-	-	প্রশাসনিক কর্মকর্তা-১ জন,
দুর্নীতি দমন কমিশন	-	-	-	১	-	১	প্রোগ্রামার পদে ১ জন কমিশনের চাকুরিতে যোগদান করেছেন।

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই ।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১। ০৬ জানুয়ারি ২০১৮ তারিখ নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার ভুলতাস্থ সুবর্ণ গ্রাম এ্যামিউজমেন্ট পার্ক পরিদর্শন করেন। ২। ২০ জানুয়ারি ২০১৮ গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার চন্দ্রাস্থ শিল্পীকুঞ্জ রিসোর্ট পরিদর্শন করেন। মোট ০২দিন।	০৯-১৩ জানুয়ারি ২০১৮ তারিখ চীন ও হংকং সফর করেন। মোট ৫ দিন	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নাই।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয় ।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয় ।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ(কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১০.৭৯ জিওবি: ০.৩৩	৩.৯৫ (৩৬.৬ শতাংশ)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh	ডিপিএ: ১.৮০	১.৩৭ (৭৬.১৪ শতাংশ)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	**অডিট আপত্তির সংখ্যা**	**টাকার পরিমাণ (লক্ষ টাকায়)**	**ব্রডশিটে জবাবের সংখ্যা**	**নিষ্পত্তির সংখ্যা**	**জের**	**মন্তব্য**
মন্ত্রিপরিষদ বিভাগ	৭টি	০.২৩	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগে বর্তমানে কোন অডিট আপত্তি নেই। তবে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৪টি	২৩৯.০৭	-	-	১৪টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ , ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪	৬৮৬.৭৭	০৪	-	০৪	
মোট	**২৫টি**	**৯২৬.০৭**	**০৪**	**-**	**২৫টি**	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দন্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০৩	১	-	-	-	৪	-
দুর্নীতি দমন কমিশন-১২	-	-	-	-	১২	১০
মোট ১৫	-	-	-	-	১৬	-

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়েছে।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	৮৪তম সিনিয়র স্টাফ (এসএসসি) কোর্স স্থান: সাভার, ঢাকা	১১ ডিসেম্বর ২০১৭ হতে ২৪ জানুয়ারি ২০১৮	মন্ত্রিপরিষদ বিভাগ	০১জন যুগ্মসচিব (ই-গভর্নেন্স)
	২।	‘Good Governance in Public Administration’ স্থান: চীন ও হংকং	০৮-১৪ জানুয়ারি ২০১৮	মন্ত্রিপরিষদ বিভাগ	০৮জন উপসচিব ২জন সিনিয়র সহকারী সচিব
	৩।	Study Tour স্থান: দক্ষিণ কোরিয়া	২১-২৬ জানুয়ারি ২০১৮	অর্থ বিভাগ	১জন উপসচিব ১জন সিনিয়র সহকারি সচিব
	৪।	সঞ্জীবনী প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ স্থান: কক্সবাজার	১৪-১৮ জানুয়ারি ২০১৮	মন্ত্রিপরিষদ বিভাগ	১৬জন
দুর্নীতি দমন কমিশন	১।	Follow the Money Training	২২-২৫ জানুয়ারি ২০১৮ মেয়াদে	U.S Embassy, Dhaka	৮জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার তার বর্ণনা: নাই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ১০জন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি

(১) মন্ত্রিসভার চারটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা ছয়টি, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা একটি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দু'টি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দু'টি সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠক ৩৩টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর মধ্যে ২৩টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়।

(৩) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত জেলা প্রশাসক সম্মেলন ২০১৭-এর গৃহীত স্বল্পমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে জানুয়ারি ২০১৮ মাসে ১৭টি স্বল্পমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়।

(৪) ২৮ জানুয়ারি ২০১৮ তারিখে বিভাগীয় কমিশনার সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার ৪০টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) আসন্ন জেলা প্রশাসক সম্মেলন ২০১৮-তে উত্থাপনযোগ্য বিষয়াবলি এ বিভাগে প্রেরণের জন্য বিভাগীয় কমিশনারগণ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬) বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭-এর বিশেষ বিধান ১৯ ধারার যথাযথভাবে প্রতিপালন সংক্রান্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার, উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭) কক্সবাজার জেলার রোহিঙ্গা ক্যাম্পগুলিতে সন্দেহভাজন বিদেশি নাগরিক, এনজিও ও স্বার্থান্বেষী মহলের গোপন তৎপরতা এবং রোহিঙ্গা পরিস্থিতি সংক্রান্ত বিশেষ প্রতিবেদন বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, সুরক্ষা সেবা বিভাগ, জননিরাপত্তা বিভাগ এবং জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৮) বাংলাদেশ পুলিশ সিটি স্পেশাল ব্রাঞ্চের ০৭ জানুয়ারি ২০১৮ তারিখের গোপনীয়/জরুরি প্রতিবেদনের বিষয়ে জরুরি ভিত্তিতে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯) অবৈধ Set Top boxes/DTH-এর মাধ্যমে পাইরেসি করে স্যাটেলাইট পে-চ্যানেল প্রদর্শন বন্ধ করা সংক্রান্ত জেলা প্রশাসক চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০) বিজ্ঞ উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালত, দশমিনা, পটুয়াখালী পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দশমিনা, পটুয়াখালী বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১১) গ্রাম আদালতসমূহে সর্বোচ্চ মামলা নিষ্পত্তিতে ধন্যবাদ জ্ঞাপন করে জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১২) মায়ানমারের রোহিঙ্গাদের বাংলাদেশে অনুপ্রবেশ এবং সীমান্ত পরিস্থিতি সংক্রান্ত দৈনিক প্রতিবেদন বিষয়ে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, সুরক্ষা সেবা বিভাগ, জননিরাপত্তা বিভাগ এবং জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৩) বাংলাদেশ পাটকল কর্পোরেশনের খুলনা জেলাধীন মিলসমূহের চলমান শ্রমিক অসন্তোষের ফলে জননিরাপত্তা বিঘ্নিত হওয়াসহ আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতি ঘটার আশঙ্কা সংক্রান্ত পত্র সচিব, জননিরাপত্তা বিভাগ, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৪) বাংলাদেশ পুলিশ সিটি স্পেশাল ব্রাঞ্চের ১৩ জানুয়ারি ২০১৮ তারিখের গোপনীয়/জরুরি প্রতিবেদনের বিষয়ে সুষ্ঠু তদন্ত করে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) নোয়াখালী ও কক্সবাজার জেলার গ্রাম আদালতসমূহে অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তিকরণ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, নোয়াখালী ও কক্সবাজার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) জনৈক টিটো রায় কর্তৃক মুসলিম সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতি নিয়ে ফেইসবুকে অপ্রীতিকর স্ট্যাটাস দেওয়ার প্রতিবাদে স্থানীয় মুসুল্লীদের মানববন্ধন চলাকালে উশৃঙ্খল জনতা রংপুর জেলাধীন সদর উপজেলার গঙ্গাচড়া থানার ঠাকুরপাড়া ও শলেয়াশা গ্রামের হিন্দুদের বাড়িঘরে অগ্নিসংযোগ এবং মন্দির ভাঙচুরকালে একজন নিহত ও ৩১ জন আহত হওয়ার তদন্ত প্রতিবেদনে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, সচিব, জননিরাপত্তা বিভাগ, সচিব, স্থানীয় সরকার বিভাগ, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের ব্যাপকহারে অনুপ্রবেশ এবং অবস্থানের কারণে ক্ষতিগ্রস্ত কক্সবাজার জেলার উখিয়া ও টেকনাফ উপজেলার প্রান্তিক জনগোষ্ঠীকে সহায়তা প্রদান সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের সচিব, সুরক্ষা সেবা বিভাগ, সচিব, জননিরাপত্তা বিভাগ, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) মায়ানমারের রাখাইন রাজ্যে চলমান সহিংসতার কারণে অনুপ্রবেশকৃত রোহিঙ্গা জনগোষ্ঠির সুষ্ঠু ব্যবস্থাপনাসহ মানবিক ত্রাণ সহায়তা কার্যক্রম তদারকির লক্ষ্যে কর্মকর্তা পদায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) গোসাইরহাট উপজেলা চেয়ারম্যান জনাব সৈয়দ নাসির উদ্দিন-এর ঔদ্ধত্যপূর্ণ আচরণ ও কর্মকান্ড সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) বিভাগীয় কমিশনারগণের সঙ্গে আইনশৃঙ্খলা এবং জননিরাপত্তা বিভাগ সম্পর্কিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্তান দখলদার সেনাবাহিনী এবং তাদের সহযোগী বাহিনী কর্তৃক যুদ্ধাপরাধ, গণহত্যা, হত্যা, ধর্ষণ, ধর্মান্তরিতকরণ, লুণ্ঠন, অগ্নিসংযোগ ও অন্যান্য মানবতাবিরোধী অপরাধ তদন্ত কাজে সহায়তার জন্য তথ্য-উপাত্ত প্রেরণের জন্য জেলা প্রশাসক, ঢাকা, চট্রগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট ও বান্দরবান বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী জানুয়ারি ২০১৮ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন মামলায় ১৭ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল এবং ৮ জনের বিরুদ্ধে এফ.আর.টি দাখিল করা হয়েছে। এ ছাড়া ০৩ জনের বিরুদ্ধে মামলা দায়ের এবং ১৭ জনের বিষয়ে সাময়িকভাবে বরখাস্তকরণ এবং ৪৬ জনের বিষয় অনুসন্ধানে নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। উপরোল্লিখিত বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(২৩) বিভিন্ন আইনে ০২ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(২৪) সুইজারল্যান্ডের মহামান্য রাষ্ট্রপতি H.E. Mr. Alain Berset এবং ০৪-০৮ ফেব্রুয়ারি ২০১৮ মেয়াদে বাংলাদেশ সফর; ইন্দোনেশিয়ার মহামান্য রাষ্ট্রপতি H.E. Mr. Joko Widodo এবং ২৭-২৯ জানুয়ারি ২০১৮ মেয়াদে বাংলাদেশ সফর; ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জি ১৪-১৮ জানুয়ারি ২০১৮ মেয়াদে বাংলাদেশ সফরসহ বাংলাদেশস্থ বিভিন্ন দূতাসের রাষ্ট্রদূত/প্রতিনিধিগণের বাংলাদেশের বিভিন্ন জেলা পরিদর্শনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসক/প্রতিষ্ঠানকে অনুরোধ জানিয়ে পত্র দেওয়া হয়।

(২৫) ড. আবু সালেহ্ মোস্তফা কামাল, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে কক্সবাজার জেলা এবং ১৩ ডিসেম্বর ২০১৭ তারিখে কক্সবাজার জেলার টেকনাফ উপজেলা পরিদর্শন করে দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে পত্র দেওয়া হয়।

(২৬) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ০৯ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ১১ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত এবং ০১ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(২৭) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত ডিসেম্বর দ্বিতীয় ও জানুয়ারি প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়।

(২৮) খুলনা জেলায় অবস্থিত বাংলাদেশ পাটকল কর্পোরেশনের মিলসমূহের পরিস্থিতি প্রতিবেদন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

(২৯) কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় কর্মরত সরকারি চাকরিজীবীদের অতিরিক্ত ৫ শতাংশ হারে বাড়িভাড়া ভাতা প্রদান বিষয়ক স্মারকলিপি অর্থ বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৩০) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনাসমূহের বাস্তবায়ন সংক্রান্ত পত্র প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩১) "২০২১ সালে ভিক্ষা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ" শীর্ষক কর্মসূচি ঘোষণার মাধ্যমে ৭ মার্চ ২০১৮ উদ্‌যাপনের জন্য কমিশনার এবং জেলা প্রশাসকগণকে অনুরোধ করা হয়।

(৩২) 'শুদ্ধভাবে জাতীয় সংগীত গাওয়া এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করতে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা' আয়োজনের প্রাথমিক ঘোষণা সংক্রান্ত পত্র সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়।

(৩৩) চলতি কৃষিসেচ মৌসুমে নিরবচ্ছিন্ন জ্বালানি তেল এবং বিদ্যুৎ সরবরাহে সহযোগিতা করতে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে পত্র প্রেরণ করা হয়।

(৩৪) 'সম্মিলিত বিশেষ অভিযান-২০১৭' সফল করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে অনুরোধ করা হয়।

(৩৫) প্রকাশিত দিয়ারা জরিপে সরকারি খাসভূমি বিভিন্ন সংস্থা ও ব্যক্তির নামে রেকর্ড হওয়ার বিষয়ে প্রতিবেদন ভূমি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩৬) 'জনপ্রশাসন পদক' ২০১৮ প্রদানের জন্য মনোনয়ন আহবান সংক্রান্ত পত্র সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(৩৭) অনিষ্পন্ন সার্টিফিকেট মামলার তথ্য সংক্রান্ত পত্র সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(৩৮) Tax ID Card ধারী ব্যক্তিদের জাতীয় পর্যায়ে কতিপয় সুযোগ-সুবিধা প্রদান সংক্রান্ত পত্র সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(৩৯) বাংলাদেশ ফুটবল ফেডারেশনের তহবিল গঠনের জন্য লটারি পরিচালনায় সহায়তা প্রদানের জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

(৪০) সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি), দাখিল, এস.এস.সি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০১৮ আয়োজন সংক্রান্ত পত্র সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়।

(৪১) ০২ জানুয়ারি ২০১৮ তারিখে বাংলাদেশে নারীর তথ্য অধিকার নিশ্চিতকরণে একটি Multi-Stakeholder কমিটি গঠন ও করণীয় নির্ধারণের লক্ষ্যে কর্মশালা আয়োজন সংক্রান্ত পত্র বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ-এ প্রেরণ করা হয়।

(৪২) ১০ জানুয়ারি ২০১৮ তারিখে 'জনস্বার্থ-সংশ্লিষ্ট দুর্নীতির তথ্য প্রকাশকারী ' নামক সংস্থাটির সরকারি অনুমোদন , ঠিকানা ও কার্যক্রম যাচাইপূর্বক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত পত্র জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর প্রেরণ করা হয়।

(৪৩) ২৮ জানুয়ারি ২০১৮ তারিখে বিভাগীয় কমিশনার সমন্বয় সভায় এ বিভাগের তথ্য অধিকার শাখা অংশগ্রহণ করেছে।

(৪৪) ২৩-২৫ জানুয়ারি ২০১৮ তারিখে International Conference on CRVS, 2018 আয়োজন করা হয়।

(৪৫) ১৪ জানুয়ারি ২০১৮তারিখে সিআরভিএস বাস্তবায়ন সংক্রান্ত পাক্ষিক সমন্বয় সভা আয়োজন করা হয়।

(৪৬) Technical Support for CRVS System Improvement in Bangladesh Phase 2 প্রকল্পের আওতায় বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

(৪৭) ২২ জানুয়ারি ২০১৮ তারিখে দ্বিতীয় প্রজন্মের GRS Software চূড়ান্তকরণ সংক্রান্ত সভা আয়োজন করা হয়।

(৪৮) ১১ জানুয়ারি ২০১৮ তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সম্পর্কিত অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৯) মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার), মন্ত্রণালয়/বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)-এর ফরম্যাট, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশ ২০১৭ এবং মাঠ পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)-এর ফরম্যাট মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

(৫০) ১০ জানুয়ারি ২০১৮ তারিখে সকল মন্ত্রণালয়/বিভাগে সেবা প্রদান প্রতিশ্রুতির তথ্যাদি হালনাগাদকরণ সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও পরিবীক্ষণ করা হয়।

(৫১) ১৪ জানুয়ারি ২০১৮ তারিখে International Conference on CRVS 2017 সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে গঠিত থিমেটিক সেমিনার আয়োজন উপকমিটির তৃতীয় এবং চতুর্থ সভা আয়োজন এবং কার্যবিবরণী প্রেরণ করা হয়।

(৫২) Reform Management Unit (RMU) পুনর্গঠণের রূপরেখা প্রণয়ন সংক্রান্ত সভা আয়োজন এবং কার্যবিবরণী প্রেরণ করা হয়।

(৫৩) ১৮ জানুয়ারি ২০১৮ তারিখে EIPM ভিত্তিক Draft Policy Proposal-এর আলোকে চূড়ান্ত নীতিমালা প্রস্তুতের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(৫৪) সকল মন্ত্রণালয়/বিভাগে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

(৫৫) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৬ অনুচ্ছেদের (২) দফা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ০২ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ মঙ্গলবার জনাব নারায়ণ চন্দ্র চন্দ, জনাব এ, কে, এম শাহজাহান কামাল ও জনাব মোস্তাফা জব্বারকে মন্ত্রী এবং কাজী কেরামত আলীকে প্রতিমন্ত্রী পদে নিয়োগ দান করেন।

(৫৬) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী Rules of Business, 1996-এর Rule 3(iv)-এ প্রদত্ত ক্ষমতাবলে ০৩ জানুয়ারি ২০১৮ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে জনাব রাশেদ খান মেননকে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন

মন্ত্রণালয় থেকে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের, জনাব আনিসুল ইসলাম মাহমুদকে পানি সম্পদ মন্ত্রণালয় থেকে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের, জনাব আনোয়ার হোসেনকে পরিবেশ ও বন মন্ত্রণালয় থেকে পানি সম্পদ মন্ত্রণালয়ের, জনাব নারায়ণ চন্দ্র চন্দকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের, জনাব এ, কে, এম শাহজাহান কামালকে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ও জনাব মোস্তাফা জব্বারকে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী এবং বেগম তারানা হালিমকে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ থেকে তথ্য মন্ত্রণালয়ের, জনাব নুরুজ্জামানকে আহমেদকে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের এবং কাজী কেরামত আলীকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রতিমন্ত্রীর দায়িত্ব প্রদান করা হয়।

(৫৭) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাবেক জননন্দিত মেয়র, বীর মুক্তিযোদ্ধা, চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সভাপতি জনাব এবিএম মহিউদ্দিন চৌধুরী ১৫ ডিসেম্বর ২০১৭ তারিখে ৭৩ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। জনাব এবিএম মহিউদ্দিন চৌধুরীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৩ জানুয়ারি ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ০৮ জানুয়ারি ২০১৮ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৫৮) গগণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা, বিশিষ্ট রাজনীতিবিদ এবং সমাজকর্মী জনাব মোহাম্মদ ছায়েদুল হক ১৬ ডিসেম্বর ২০১৭ তারিখে ৭৫ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লা হি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। জনাব মোহাম্মদ ছায়েদুল হকের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর রুহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৩ জানুয়ারি ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ০৮ জানুয়ারি ২০১৮ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৫৯) দশম জাতীয় সংসদের গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ) আসনের সংসদ-সদস্য এবং বিশিষ্ট রাজনীতিবিদ গোলাম মোস্তফা আহমেদ ১৯ ডিসেম্বর ২০১৭ তারিখে ৬৫ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন) । জনাব গোলাম মোস্তফা আহমেদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর রুহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৩ জানুয়ারি ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ০৮ জানুয়ারি ২০১৮ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৬০) দশম জাতীয় সংসদের অধিবেশন চলাকালীন সংসদ বিষয়ক বিষয়ক কার্যাবলি সম্পাদন সংক্রান্ত ১৪ জানুয়ারি ২০১৮ তারিখে প্রজ্ঞাপন জারি করা হয়।

গ. আগামী (ফেব্রুয়ারি-মার্চ) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৩) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৪) মন্ত্রিসভা কমিটি/পরিষদ/টাস্কফোর্স/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) নিকার-এর সভা অনুষ্ঠান।

(৭) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা এবং জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৮৬তম সভা অনুষ্ঠান।

(৮) Technical Support on CRVS System Implimentation in Bangladesh Phase-2 প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করা।

(মুহাম্মদ আসাদুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd